

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৬৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

بَابُ الرِّفْقِ وَالْحَيَاءِ وَحُسْنِ الْخُلُقِ

আরবী

عَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّ اللَّهَ تَعَالَى رَفِيقٌ يُحِبُّ الرِّفْقَ وَيُعْطِي عَلَى الرِّفْقِ مَا لَا يُعْطِي عَلَى الْعُنْفِ وَمَا لَا يُعْطِي عَلَى مَا سَوَاهُ» . رَوَاهُ مُسْلِمٌ. وَفِي رِوَايَةٍ لَهُ: قَالَ لِعَائِشَةَ: «عَلَيْكِ بِالرِّفْقِ وَإِيَّاكِ وَالْعُنْفَ وَالْفُدْشَ إِنَّ الرِّفْقَ لَا يَكُونُ فِي شَيْءٍ إِلَّا زَانَهُ وَلَا يُنْزَعُ مِنْ شَيْء إِلَّا شانه»

বাংলা

৫০৬৮-[১] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা নিজে নম্, তিনি নম্তাকেই ভালোবাসেন। তিনি কঠোরতার উপর যা দান করেন না, তা নম্তার জন্য দান করেন। নম্তা ছাড়া অন্যকিছুতেই তা দান করেন না। (মুসলিম)[1]

মুসলিম-এর অপর বর্ণনায় আছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আয়িশাহ্ (রাঃ)-কে বললেনঃ নম্রতাকে নিজের জন্য বাধ্যতামূলক করে নাও এবং কঠোরতা ও নির্লজ্জতা থেকে নিজেকে রক্ষা করো। কেননা যে জিনিসের মধ্যে নম্রতা আছে, সে নম্রতাই তার সৌন্দর্য বৃদ্ধির কারণ হয়। আর যে জিনিস থেকে নম্রতাকে প্রত্যাহার করা হয়, সেটা ক্রটিপূর্ণ হয়ে যায়।

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৭৭-(২৫৯৩), আবূ দাউদ ৪৮০৭, সহীহুল জামি' ১৭৭১, ইবনু মাজাহ ৩৬৮৮, সহীহ আত্ তারগীব ২৬৬৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৩৬৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৬৮২, মুওয়াত্ত্বা মালিক ৩৫৯০, মুসান্নাফ 'আবদুর রাযযাক ৯২৫১, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫৩১৩, আহমাদ ১৬৮০৫, মুসনাদে আবূ ইয়া'লা ৪৯০, আর মু'জামুস্ সগীর ২২১, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১৭২৪১, আল মু'জামুল আওসাত্ব ২৯৩৪ আস্ সনানুল কুবরা লিল বায়হাকী ২১৩১৭।



ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (إِنَّ اللهَ تَعَالَى رَفِيقٌ) অর্থাৎ নিশ্চয় মহান আল্লাহ তার বান্দার প্রতি দয়াশীল, তিনি তাদের প্রতি সহজ চান। কোন কাজ তাদের ওপর কঠিন হোক, এটা তিনি চান না। তিনি তাদের শক্তির চেয়ে কঠিন কোন দায়িত্ব অর্পণ করেন না।

وَيُعْطِي عَلَى الرِّفْقِ) অর্থাৎ দুনিয়াতে কোমল ব্যবহার করার দরুন তিনি বান্দাকে সুন্দর জীবন-যাপন, কাজ-কর্ম সহজ করে দেন। আর পরকালে তিনি এর প্রতিদান স্বরূপ অফুরন্ত প্রতিদান প্রদান করবেন।

(مَا لَا يُعْطِي عَلَى الْعُنْف) এখানে الْعُنْف শব্দের অর্থ নির্দয়, নিষ্ঠুর ও কঠোরমনা হওয়া। এটা (الرِّفْق) তথা দয়া, অনুগ্রহ ও সহনশীল হওয়ার বিপরীত। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৪৭৯৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন